সংবাদ

তারিখ 12 JAN 2016
পৃষ্ঠা ৫ কলাম ৬

# রায়পুরায় প্রধান শিক্ষকের প্রহারে ছাত্র হাসপাতালে

প্রতিনিধি, রায়পুরা, নরসিংদী

রায়পুরা উপজেলার উত্তর বাখরনগর ইউনিয়নের লোচনপুর ৩৮নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণীর খ শাখার ছাত্র মাহফুজকে ডাস্টার দিয়ে পিটিয়ে মারত্মকভাবে আহত করেছে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক মজিবুর রহমান। পরে তাকে আহত অবস্থায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

গত শনিবার বিদ্যালয়ের জাতীয় সংগীত ও জাতীয় পতাকা উত্তোলনের পূর্বে বিদ্যালয় মাঠে সাড়িবদ্ধ অবস্থায় ছাত্রছাত্রী থাকার সময় ৫ম শ্রেণীর ছাত্র মাহফুজ দাঁড়িয়ে দাঁড়িয়ে সহপাঠীদের সঙ্গে দুষ্টমি করার কারণে মাহফুজকে ২ বার ডাস্টার দিয়ে আঘাত করার কথা স্বীকার করে প্রধান শিক্ষক মজিবুর রহমান।



হাসপাতালে ছেলের শয্যা পাশে মা

মাহাফুজের সহপাঠীরা জানায়, হেড স্যার মাহফুজকে ৮ থেকে ১০ বার ডাস্টার দিয়ে আঘাত করে এবং লাথি দিয়ে মাটিতে ফেলে দেয়ার পর সে জ্ঞান হারিয়ে ফেলে। পরে তাকে সহপাঠীরা বাড়িতে নেয়ার পর বাবা অহিদ মিয়া, মাতা- ইয়াসমিন রায়পুরা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। হাসপাতালে মাহফুজের পাশের বেডের চিকিৎসাধীন অন্য রোগীরা সাংবাদিককে বলেন ভর্তির দিন সারারাত মানষিক যন্ত্রণায় ছটফট করছিল। মাহাফুজের বাবা-মা এ ঘটনার সুষ্ঠু বিচার দাবি করেছেন, যেন তার ছেলে মত অন্য কাউকে এ ধরনের নির্যাতন সহ্য করতে না হয়।